গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজনগর, মৌলভীবাজার
www.rajnagar.moulvibazar.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮৮০.০০৪.০২.০০৩.২৫-১৪

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা ভূমি মন্ত্রণালয়ের ২৩.১১.২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং স্মারকের নির্দেশনার পরিপ্রেক্ষিতে প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার রাজনগর উপজেলাধীন জলমহাল ব্যবস্থাপনা কমিটির ব্যবস্থাপনাধীন ২০ একর পর্যন্ত (বদ্ধ) নিম্নবর্ণিত জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে ১৪৩৩ বঙ্গাব্দ সনের ০১ লা বৈশাখ হতে ১৪৩৫ বাংলা সনের ৩০ চৈত্র অর্থাৎ আগামী ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদ পর্যন্ত সময়ের জন্য ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষ পঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী ও বর্ণিত শর্তাধীনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

| ক্র. নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১. | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে) | - | এ কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন দাখিল |
| ২. | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩. | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ৩(তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৪. | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ৫(পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫. | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ৫(পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬. | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ১৫(পনেরো) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, মৌলভীবাজার বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক, মৌলভীবাজার কর্তৃক অনুমোদন। |
| ৭. | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | ৩(তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮. | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ১৯ মার্চের মধ্যে) | ৭(সাত) কার্যদিবস | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ৯. | ০১ বৈশাখ (১৪ এপ্রিল) | - | ইজারাগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

সময়সূচি

| অনলাইনে আবেদনপত্র দাখিলের সময় | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজনগর এ দাখিল/জমাদানের তারিখ |
|---|---|
| ১৫.০১.২০২৬ থেকে ২৯.০১.২০২৬ এর মধ্যে | ০১.০২.২০২৬ হতে ০৩.০২.২০২৬ তারিখের মধ্যে |

| ক্র. নং | জলমহালের নাম | তফসিল | | | বিগত ০৩ তিন বছরের গড় ইজারামূল্য | ৫% বর্ধিত হারে সরকারি ধার্যকৃত ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | দাগ নং (এস,এ) | পরিমাণ (একর) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | অন্তেহরি খাল (বদ্ধ) | অন্তেহরি-০৩ | ৯৬৫, ৩৬০০, ১০৪১ | ০.৮৫ | ২৩,১৫২/- | ২৪,৩১০/- | |
| ২. | কাটিটিকা বিল (বদ্ধ) | অন্তেহরি-০৩, মোহাম্মদপুর-০৫ | ১৮৮, ২৪৫, ২৮৫ | ৪.০১ | ১৪,৭৪৩/- | ১৫,৪৮১/- | |

My computer drive-F mydoc jolmohal callender. 1

| ক্র. নং | জলমহালের নাম | তফসিল | | | বিগত ০৩ তিন বছরের গড় ইজারামূল্য | ৫% বর্ধিত হারে সরকারি ধার্যকৃত ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | দাগ নং (এস,এ) | পরিমাণ (একর) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৩. | উত্তরভাগ খাস পুকুর (বদ্ধ) | উত্তরভাগ-৩২ | ৭৫৭৬ | ০.৪৪ | ১,২৬৮/- | ১,৩৩২/- | |
| ৪. | চরুয়া পদ্ম বিল | মিঠুপুর লামা-৫০ | ৩১০, ১৯৭ | ৬.৭৭ | ৫৮,৭৭৪/- | ৬১,৭১৩/- | |
| ৫. | কৈয়া বিল (বদ্ধ) | বেতাহুঞ্জা-১৩ | ২৭২৪, ২৬৩৯ | ৫.২৪ | ৫৪,০৩০/- | ৫৬,৭৩২/- | |
| ৬. | চরুয়া বিল (বদ্ধ) | চরুয়া-৮৪ | ০৫, ১৪ | ০২.৫৫ | ৬০,৩০৫/- | ৬৩,৩২১/- | |
| ৭. | নলুয়া বিল ২য় খন্ড (বদ্ধ) | উত্তরভাগ-৩২ | ২৬৩৩, ২৮৫৮ | ৫.২৬ | ৪২,২৫৩/- | ৪৪,৩৬৬/- | |
| ৮. | ব্রাহ্মণগ্রাম খাস পুকুর | ব্রাহ্মণগ্রাম-৬১ | ৩৯৬ | ০.৩৪ | ৮,১৪৫/- | ৮,৫৫৩/- | |
| ৯. | রুকুয়া বিল (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ৭১৭৪, ৭১৭৫, ৭১৭৬, ৭১৭৭, ৭১৭৮, ৭১৭৯, ৭১৮০, ৭১৮১ | ১৪.২৬ | ৮,৫৩,৭০১/- | ৮,৯৬,৩৮৬/- | |
| ১০. | ধনছড়া বিল (বদ্ধ) | বেতাহুঞ্জা-১৩ | ৩০৫০, ৪৭৩৭, ৪৭১২, ৪০৪৯, ৪০৩৮ | ৭.৭৯ | ৩০,০০০/- | ৩১,৫০০/- | |
| ১১. | হলাহলি বিল (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ৬২০২, ৬২০৫, ৬২০০ | ৬.৩৬ | ৩,৩৪,৭৬৯/- | ৩,৫১,৫০৮/- | |
| ১২. | লামাকান্দি মরাগাং (বদ্ধ) | লামাকান্দি-১৩২ | ৬১৭, ৭৬৭, ৪৩১ | ৮.২৪ | ৩১,৫০০/- | ৩৩,০৭৫/- | |
| ১৩. | একাসন্তোষ পুকুর (বদ্ধ) | একাসন্তোষ-১৩৪ | ১০৭ | ০.২২ | ৪,৪১০/- | ৪,৬৩১/- | |
| ১৪. | হাছিকা হুগলিয়া (বদ্ধ) | আব্দুল্লাপুর-০৭, হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ১৫৭, ২৯৯, ৩১৫ | ৩.৯৯ | ৩,৬৫২/- | ৩,৮৩৫/- | |
| ১৫. | জীবনিয়া বিল (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ৮৯০৪ | ১৪.৯০ | ২,৭৩,৪৯০/- | ২,৮৭,১৬৫/- | |
| ১৬. | চাপড়া বিল (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ৮৯০৬, ৮৯০৯ | ৯.১৭ | ৭২,৯৩০/- | ৭৬,৫৭৭/- | |
| ১৭. | বৈছা বিল (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ১৩২৮২, ১৩২৮৩, ১৩২৮৯, ১৩২৯০, ১৩১৮৩, ১৫০৪৮, ১৫১১১ | ৪.২০ | ৩,৪০৪/- | ৩,৫৭৫/- | |
| ১৮. | পেকুয়া বিল (বদ্ধ) | রাজাপুর-৩০, হলদিগুল-৩১ | ৪৪০, ৪৪৪, ৩২ | ১.২৮ | ৬,৬১৫/- | ৬,৯৫০/- | |
| ১৯. | দত্তগ্রাম পুকুর (বদ্ধ) | দত্তগ্রাম-১০৮ | ১৪৮২ (এসএ) ১৬৩৯ (আরএস) | ০.৩৫ (এসএ অনুযায়ী) ০.৬০ (আরএস অনুযায়ী) | ১,৮৮৫/- | ২,০০০/- | |
| ২০. | ছোট হাওর বিল (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ২১০০ | ১.২৭ | ১১,০২৫/- | ১১,৫৭৭/- | |
| ২১. | নয়াচাপড়া বিল (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ৮১১৫, ৮১১৬, ৮১০৯, ৮০৮৯, ৮১৫৩ | ১.৬৫ | ৪,২৭৯/- | ৪,৫০০/- | |
| ২২. | ভেড়াখাই বিল | আব্দুল্লাপুর-০৭ | ৪৬২, ৫১৯ | ১.৬৭ | ৯৮৪/- | ১,০৩৪/- | |



CamScanner

| ক্র. নং | জলমহালের নাম | তফসিল | | | বিগত ০৩ তিন বছরের গড় ইজারামূল্য | ৫% বর্ধিত হারে সরকারি ধার্যকৃত ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | দাগ নং (এস,এ) | পরিমাণ (একর) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২৩. | দলদলিয়া বিল (বদ্ধ) | আদমপুর-১২২ | ৫৪৭৯ | ১৫.৮৩ | ৭,৩৫০/- | ৭,৭১৮/- | |
| ২৪. | বড়বিল (বদ্ধ) | চান্দভাগ-৩৩ | ২৯১৫, ২৭৪৩ | ৫.১০ | ৪,২০০/- | ৪,৪১০/- | |
| ২৫. | মেদিনীমহল পুকুর (বদ্ধ) | মেদিনীমহল-৩৯ | ৮৫৯ | ০.৪৪ | ১,৪৭০/- | ১,৫৪৪/- | |
| ২৬. | মুজেফরপুর পুকুর (বদ্ধ) | মুজেফরপুর-০২ | ২০ | ০.৬০ | ১,৬৮০/- | ১,৭৬৪/- | |
| ২৭. | আদমপুর পুকুর (বদ্ধ) | হাওর করাইয়া-১৩৭ | ৪০৬৭ | ০.২০ | ১,২৬০/- | ১,৩২৫/- | |
| ২৮. | দক্ষিণভাগ পুকুর (বদ্ধ) | দক্ষিণভাগ-৩৫ | ৬৭৭৪ | ০.৩০ | ১,৩৭৫/- | ১,৪৪৪/- | |
| ২৯. | শ্বাসমহল পুকুর (বদ্ধ) | শ্বাসমহল-১১৮ | ২৩৮ | ০.৪৪ | ১,৪৭০/- | ১,৫৪৪/- | |
| ৩০. | অন্তেহরি পুকুর (বদ্ধ) | অন্তেহরি-০৩ | ৯৬৫ | ০.৩৫ | ১,৩২৩/- | ১,৩৯০/- | |
| ৩১. | বড়গাঁও পুকুর | বড়গাঁও-৮৩ | ২১৫১, ২১৫২ | ০.৫১ | ১,১০২/- | ১,১৫৮/- | |
| ৩২. | বালিগাঁও বরোপিট (বদ্ধ) | বালিগাঁও-৬০ | ০১ | ০.৮৫৫০ | ৬১,২৯৯/- | ৬৪,৩৬৪/- | |
| ৩৩. | নলুয়া বিল ১ম খন্ড (বদ্ধ) | উত্তরভাগ-৩২ | ৩৪১০, ৩৩৯৫, ৩৩১৩ | ৪.৫১ | ৬,৬১৫/- | ৬,৯৪৬/- | স্বত্ব মামলা ১৫/৯৪, স্বত্ব আপীল ১১৬/০৫ |
| ৩৪. | বলিতা বিল (বদ্ধ) | উত্তরভাগ-৩২ | ৪২১, ৪৩১ | ৯.৪৫ | ৮৯,১৩৮/- | ৯৩,৫৯৫/- | ১২/২০০২ (স্বত্ব) ৬৬/২০০৯, স্বত্ব আপিল ও সিভিল রিভিশন ১৮৯/২০১২ নং মামলায় জড়িত |
| ৩৫. | রাজাপুর খাস পুকুর (বদ্ধ) | রাজাপুর-৩০ | ১৩৫ | ০.২৪ | ৮০০/- | ৮৪০/- | |
| ৩৬. | বেতাহঞ্জা পুকুর (বদ্ধ) | বেতাহঞ্জা-১৩ | ২১ | ০.৪১ | ১,১৫৫/- | ১,২১৩/- | ৩৪/২০০১ নং স্বত্ব মামলায় জড়িত |
| ৩৭. | বাচাডুবি বিল (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ৮৪২ | ৩.৮৭ | ৫,২৫০/- | ৫,৫১৩/- | ১৪/২০১৫ নং স্বত্ব মামলায় জড়িত |
| ৩৮. | মোকামবাজার মরা বিল (বদ্ধ) | বেড়কুড়ি-১১ | ৬০৪৪ | ১.৩৫ | ১৫,০২০/- | ১৫,৭১১/- | |
| ৩৯. | নলুয়া নদী ৩য় খন্ড (বদ্ধ) | কামালপুর-১৮, হলদিগুল-৩১, লালাপুর-২২, উত্তরভাগ-৩২, বক্সিপুর-১৯ | ১৫৪, ২৫৬, ৪৩১, ২৬, ৮৯৪, ৮৯৫, ৭২৪ | ১৪.৭৩ | ১৩,৩১১/- | ১৩,৯৭৭/- | |
| ৪০. | বাগান বিল (বদ্ধ) | কাশিমপুর-০৪ | ১৭৩ | ১.২৩ | ১৩,১৬৯/- | ১৩,৮২৮/- | |

| ক্র. নং | জলমহালের নাম | তফসিল | | | বিগত ০৩ তিন বছরের গড় ইজারামূল্য | ৫% বর্ধিত হারে সরকারি ধার্যকৃত ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | দাগ নং (এস,এ) | পরিমাণ (একর) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪১. | ফরিদপুর ডোবা (বদ্ধ) | ফরিদপুর-৪২ | ১৮৪৪ | ০.৯৬ | ১,৯৮৫/- | ২,০৮৫/- | |
| ৪২. | চন্ডিপুর খাস পুকুর (বদ্ধ) | চন্ডিপুর-৬৮ | ৭৩ | ০.৪২ | ৩,১৪৬/- | ৩,৩০৪/- | |
| ৪৩. | আশ্রাকাপন পুকুর (বদ্ধ) | আশ্রাকাপন-৯৮ | ৩৯১, ৩৯২ | ০.৫৭ | ৫,৯০৪/- | ৬,২০০/- | |
| ৪৪. | উদনা বিল (বদ্ধ) | সারমপুর-৫৬ গং | ৪৩৫ গং | ১০.৩৩ | - | ৭১,২৭০/- | |
| ৪৫. | মালিকোনা পুকুর (বদ্ধ) | মালিকোনা-৯১ | ৫৯২ | ০.৯৮ | ৯,৫০০/- | ৯,৯৭৫/- | |
| ৪৬. | কালাপানির খেউ (বদ্ধ) | হাওর কাউয়াদীঘি পশ্চিম-০৮ | ৯৭৫২, ১৩১৫৬ | ৩.৮২ | ২,০০০/- | ২,১০০/- | |
| ৪৭. | কুড়ি বিল (বদ্ধ) | কাশিমপুর-০৪ | ২১৯ | ৪.৪১ | ৩,৫০০/- | ৩,৬৭৫/- | |

শর্তাবলি:

১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.minland.gov.bd অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;

২. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (আগামী ১৫.০১.২০২৬ থেকে ২৯.০১.২০২৬) অফিস চলাকালীন সময় পর্যন্ত। অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপনীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময়সীমা পর্যন্ত সংরক্ষণ করা হবে। তবে দাখিলকারী আবেদন দাখিলের পর আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপি সংগ্রহ করতে পারবে;

৩. বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখসমূহের মধ্যে অফিস চলাকালীন সময়ে যেকোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর এর অনুকূলে ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট /পে-অর্ডার দাখিল সাপেক্ষে আবেদন ক্রয় করে পূরণকৃত আবেদন ফরমটি স্ক্যান করে দাখিলপূর্বক ফরমের মূলকপি অন্যান্য প্রিন্টেড কপির সাথে পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা প্রদান করতে হবে;দরপত্র ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), রাজনগর এর কার্যালয়ে পাওয়া যাবে;

৪. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানত বাবদ জলমহাল ইজারামূল্যের ২০% উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজনগর এর অনুকূলে দাখিল করতে হবে। শেষ বছরের ইজারামূল্যের সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। জামানত বাবদ দাখিলকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর সঠিকতা যাচাই এর স্বার্থে ব্যাংক হতে আবেদনকারী বরাবর সরবরাহকৃত (যিনি আবেদন জমা করবেন তার নামে ব্যাংক হতে ইস্যুকৃত) জামানতের পে-স্লিপ (জমার বিবরণ) অবশ্যই আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে;

৫. (ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সমিতি/ সংগঠনকে ১ম বছরের সমুদয় রাজস্ব ও অন্যান্য করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সমুদয় ইজারা মূল্য সরকারের ১৪১৫২০২-জলমহাল ও পুকুর ইজারা কোডে অনলাইন চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত করে পুনরায় আবেদন আহ্বান করা হবে। নীতিমালা অনুসারে প্রত্যেক বছরের ইজারা মূল্যের সাথে ১৫% হারে ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতা লীজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন;

(খ) ২য় বছরের সর্ম্পূণ ইজারা মূল্য ও আয়কর, ভ্যাটসহ ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারামূল্য একই ভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতিত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না;

৬. আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্যসচিবের সীল সম্বলিত স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্ট ও লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এ ছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবি সংগঠন/সমিতিকে ৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে;

৭. আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে;



CamScanner

৮. যে কোন জলমহালের ইজারার বিষয়ে জলমহালের নিকটবর্তী/তীরবর্তী মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে;
৯. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমিতি (সমবায়/সমাজসেবা কর্তৃক নিবন্ধিত) জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবি নন এমন কোন সদস্য থাকেন তা হলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না;
১০. লিজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তা হলে উক্ত লিজ বাতিল করা হবে। জমাকৃত লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং উক্ত লিজগ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না;
১১. জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.rajnagar.moulvibazar.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে;
১২. ইজারা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারামূল্যের উপর সরকারি ধার্যকৃত ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে;
১৩. জলমহালের আশে পাশে কোন মৎস্যজীবি সমবায় সমিতি পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট জলমহালের চার পাশের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (বেকার যুবক, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি) সমন্বয়ে গঠিত সমিতি (যাহা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত) বিধি মোতাবেক আবেদনের যোগ্য হবেন;
১৪. কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না;
১৫. জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবি সংগঠন পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবি সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা যাবে;
১৬. আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরুপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং বিগত ০২ বৎসরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না;
১৭. আবেদনকারী সংগঠন/সমিতি নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় তাদের সদস্যগণের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন;
১৮. আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধ খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না;
১৯. কোন নির্দিষ্ট জলমহালের বিপরীতে এক বা একাধিক সমিতি/সংগঠন আবেদন করলে এবং সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর যাবতীয় শর্তের আলোকে উপযুক্ত বিবেচিত হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আলাপ আলোচনার মাধ্যমে একটি নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল ইজারা/ বন্দোবস্ত প্রদান করা হবে;
২০. সময়মত লীজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারনে কোন জলমহালের লিজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লিজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন;
২১. বন্দোবস্ত গ্রহীতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারকে অবগতির জন্য পেশ করবেন, যা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সরেজমিনে পরিদর্শন/যাচাই করবেন; কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন;
২২. ইজারা/বন্দোবস্ত বাতিলকৃত জলমহাল/জলাশয় উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি বিধি মোতাবেক পুনঃ ইজারার ব্যবস্থা করবেন;
২৩. ইজারা মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার,স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত হবে;
২৪. ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না;
২৫. সরকার নির্ধারিত ইজারা মূল্য অপেক্ষা কম মূল্যে কোন জলমহাল ইজারা দেওয়া হবে না;
২৬. কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না;
২৭. কোন জলমহালের বিষয়ে মহামান্য হাইকোর্ট/বিজ্ঞ দেওয়ানী আদালত/ভূমি মন্ত্রণালয়/ভূমি আপীল বোর্ড/বিজ্ঞ রাজস্ব আদালতের মামলা চলমান থাকলে সংশ্লিষ্ট মামলায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের ইজারা কার্যক্রম পরিচালিত হবে;
২৮. জলমহাল বন্দোবস্ত সম্পর্কিত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে;
২৯. বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না;
৩০. যে সকল জলমহাল থেকে জমিতে পানি সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখানে থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। ইজারাকৃত বদ্ধ জলমহালে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে;
৩১. বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয়, তখন ইজারাদার ইজারাকৃত জলমহাল ব্যবস্থাপনার অধিকার কেবল ইজারাদারকৃত জলাশয়ে সীমানার ভিতর সীমাবদ্ধ থাকবে;
৩২. ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ অথবা অননুমোদিত বিদেশি প্রজাতির মাছ চাষ করা যাবে না। বন্দোবস্ত গ্রহীতা সরকারি জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা বা মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না;
৩৩. জলমহালসমূহের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচ গাছের সৃষ্টি করতে হবে, যা মাছের নিরাপদ আশ্রয়ভূমি হিসেবে গণ্য হবে;
৩৪. সরকারি জলমহালের পাড়ে সামাজিক বনায়নের বনজ সম্পদ বৃদ্ধির জন্য ইজারা গ্রহীতা সমিতি চুক্তিবদ্ধ থাকবেন;
৩৫. বর্তমানে প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন ইজারা গ্রহীতা মানতে বাধ্য থাকবেন;



CamScanner

৩৬. সর্বাবস্থায় সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুসরণ করা হবে। অর্থাৎ এই নীতিমালার আলোকে বন্দোবস্ত প্রদান করা হবে। ইজারার বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

৩৭. কর্তৃপক্ষ যেকোন সময়ে ইজারা কার্যক্রম গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/০১/২০২৬

বিপুল সিকদার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাজনগর, মৌলভীবাজার
ফোন : ০২৯৯৬৬৮৫২০২
unorajnagar@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৫৮৮০.০০৪.০২.০০৩.২৫-১৪

তারিখ: ২১ পৌষ ১৪৩২ / ০৫ জানুয়ারি ২০২৬

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
২. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, রাজনগর, মৌলভীবাজার।

অনুলিপি : অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:

১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার।
২. সহকারী কমিশনার (ভূমি) (সকল), মৌলভীবাজার।
৩. অফিসার ইনচার্জ, রাজনগর থানা, মৌলভীবাজার।
৪. উপজেলা ........................................................................কর্মকর্তা (সকল), রাজনগর, মৌলভীবাজার।
৫. উপজেলা আইসিটি অফিসার, রাজনগর, মৌলভীবাজার। (বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে আপলোডের অনুরোধসহ)
৬. উপজেলা মৎস্য/সমাজসেবা/সমবায় কর্মকর্তা, রাজনগর, মৌলভীবাজার। (তার অধীনস্থ সকল রেজিস্টার্ড মৎস্যজীবী সমবায় সমিতিসমূহের মধ্যে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৭. চেয়ারম্যান ........................................................................ইউপি (সকল), রাজনগর, মৌলভীবাজার।
৮. সম্পাদক, দৈনিক........................................................................ [বিজ্ঞপ্তিটি আগামী .০১.২০২৬ তারিখের মধ্যে ৪ কলাম ১৩ ইঞ্চি আকারে ৮ ফ্রন্ট সাইজে তার পত্রিকার ভিতরের পাতায় সীমিত পরিসরে (Single Space) কেবলমাত্র ০১ (এক) দিনের জন্য (সরকারি ছুটির দিন ব্যতীত) প্রকাশ এবং বিজ্ঞাপনটি প্রকাশের ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ০৫ (পাঁচ)টি পত্রিকার কপিসহ বিজ্ঞাপন বিল এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ)]।
৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ........................................................ ইউনিয়ন ভূমি অফিস, রাজনগর, মৌলভীবাজার।
১০. সভাপতি/ সম্পাদক ..............................সমবায় সমিতি লিঃ, গ্রাম:...................., ডাক:.................... উপজেলা : রাজনগর, জেলা: মৌলভীবাজার।
১১. জনাব/বেগম...........................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজনগর, মৌলভীবাজার।
১২. নোটিশ বোর্ড।

০৫/০১/২৬

(ফারজানা হোসেন)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাজনগর, মৌলভীবাজার



CamScanner